

৫৬

টাঃ বিঃ কর্তৃপক্ষের বক্তব্য

ছাত্র বেতন ও ভর্তি

ফি বাড়ানো

যুক্তযুক্তই হয়েছে

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছেন যে, ছাত্র বেতন ও ভর্তি ফি বাড়িয়ে যে নয়া বেতন ও ফি ধার্য করা হয়েছে তা যুক্তযুক্ত। গত রোববার রাতে কর্তৃপক্ষের এক সভায় সিদ্ধান্ত হয় যে, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মান বজায় রাখতে এবং ছাত্রছাত্রীদের সার্বিক কল্যাণে এ বছর বিশ্ববিদ্যালয়ে যে ছাত্র বেতন ও বিবিধ ফি বেতন : পৃঃ ১২ কঃ ৪

বেতন : যুক্তযুক্ত

(১ম পৃষ্ঠার পর)

ধার্য করা হয়েছে তা যুক্তযুক্ত।

উপাচার্য অধ্যাপক ডঃ এ কে আজাদ চৌধুরীর সভাপতিত্বে এ সভায় উপস্থিত ছিলেন সিন্ডিকেট সদস্যবৃন্দ, বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন বিভাগীয় চেয়ারম্যানগণ, বিভিন্ন ইনস্টিটিউটের পরিচালকগণ, বিভিন্ন হলের প্রভোস্ট ও প্রক্টর।

সভায় মতামত ব্যক্ত করে বলা হয় যে, বিভিন্ন পত্র-পত্রিকা বেতন ও বর্ধিত ফির ব্যাপারে খবর ছাপিয়ে জনগণকে বিভ্রান্ত করছে।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাদের বক্তব্যে বলেছেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রছাত্রীদের মাসিক বেতন দীর্ঘদিন যাবৎ ১২ টাকা ছিল, যা এ বছর বাড়িয়ে ২৪ টাকা করা হয়েছে। বাৎসরিক পরীক্ষার ফি মাত্র ২শ' টাকা বাড়ানো হয়েছে। নিবন্ধন ফি ১শ' টাকা থেকে ১শ' ৫০ টাকা করা হয়েছে। পরিচয়পত্র ফি ১০ টাকা থেকে ৫০ টাকা করা হয়েছে (যেহেতু এখন থেকে ছাত্রছাত্রীদের বারকোডেড পেমেন্টেড পরিচয়পত্র প্রদান করা হবে)। আগামী ৪ বছরের জন্য শিক্ষা উন্নয়ন ফি হিসেবে ৩শ' টাকা ধার্য করা হয়েছে (যা ৪ বছরের জন্য এককালীন প্রদেয়)।